



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

২৩শে মে, ২০২১

শ্রী বঙ্কিম হাজারা,
ভারপ্রাপ্ত মন্ত্রী,
সুন্দরবন বিষয়ক দপ্তর,
পশ্চিমবঙ্গ সরকার,
'ময়ূখ', তৃতীয় তল, সল্টলেক
কলকাতা-৭০০০৯১

বিষয়ঃ বিধানসভা নির্বাচনে বিরাট জয় এবং দপ্তরের দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন

মাননীয় মহাশয়া,

পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ মৎস্যজীবী সংগঠন দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের (ডি.এম.এফ) পক্ষ থেকে বিধানসভা নির্বাচনে বিরাট ও তাৎপর্যপূর্ণ জয়ের জন্য আপনাকে হার্দিক অভিনন্দন জানাই।

মাছ ধরা সুন্দরবনের মানুষের অন্যতম প্রধান জীবিকা। নানাবিধ সমস্যায় সুন্দরবনের মৎস্যজীবীদের জীবিকা অত্যন্ত সংকটগ্রস্ত। আমরা আশা করি আগামী বছরগুলোয় আপনার দপ্তর তথা পশ্চিমবঙ্গ সরকার এই সমস্যাগুলি নিরসনে স্বার্থক প্রয়াস গ্রহণ করবে। ডি.এম.এফ ক্ষুদ্র মৎস্যজীবীদের জীবন-জীবিকা এবং জলাশয় ও মৎস্য সম্পদ রক্ষা ও বিকাশে আপনার দপ্তরের সদর্থক ও কার্যকরী পদক্ষেপের প্রতীক্ষা করছে এবং এই উদ্যোগে সর্বাঙ্গিক সমর্থনের প্রতিশ্রুতি দিচ্ছে। কোভিড পরিস্থিতির উন্নতি হলে আপনার সুবিধা অনুযায়ী আমরা আপনার সাথে সাক্ষাত করে মৎস্যজীবীদের জীবন-জীবিকার সমস্যাগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করার আশা রাখি।

আন্তরিক শুভেচ্ছা সহ,

প্রদীপ চ্যাটার্জী,
সভাপতি,
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মিলন দাস,
সাধারণ সম্পাদক,
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

